# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা।

## সংবাদ গতিধারা

### ঢাকা, সোমবার ৯ মে ২০১৬, ২৬ বৈশাখ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ৪ টি ব্রিগেড রেখে বাকি সব সেনা ক্যাম্প প্রত্যাহার করা হবে : পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্সের ভিত্তিফলক উন্মোচনকালে প্রধানমন্ত্রী

২। জঙ্গিবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান রাষ্ট্রপতির

৩। আগামী জুলাই মাস থেকেই নতুন ভ্যাট আইন কার্যকর করা হবে : অর্থমন্ত্রী

৪। বিশ্বব্যাংকের প্রকল্প সহায়তায় কারিগরি প্রশিক্ষণ পাবে সাড়ে ৪ লাখ শিক্ষার্থী

৫। সংসদ ও বিচার বিভাগ মুখোমুখি নয় : আইনমন্ত্রী

৬। বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করতে পাকিস্তানের প্রতি আহ্বান পররাষ্ট্র প্রতিমন্ত্রীর

৭। বিভ্রান্ত না হয়ে দুগ্ধজাত পণ্যসামগ্রী ক্রয়ে ক্রেতাদের সচেতন হওয়ার পরামর্শ পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রীর

৮। আগামী ২০ মে থেকে ২৩ জুলাই পর্যন্ত টানা ৬৫ দিন সমুদ্রে মাছ শিকার নিষিদ্ধ

৯। ষোড়শ সংশোধনী অবৈধ ঘোষণার বিষয়ে হাইকোর্টের রায় স্থগিত চেয়ে আবেদন

১০। মোবাইল সিম স্থায়ীভাবে বন্ধ হলে ব্যবহারকারীদের সিম নতুন করে কিনতে হবে

চলমান পাতা/২

**১।　৪ টি ব্রিগেড রেখে বাকি সব সেনা ক্যাম্প প্রত্যাহার করা হবে**
**: পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্সের ভিত্তিফলক উন্মোচনকালে প্রধানমন্ত্রী**

পার্বত্য শান্তি চুক্তির অধিকাংশই বাস্তবায়ন করা হয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাকিগুলোও পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। চুক্তি অনুযায়ী পার্বত্য এলাকায় ৪টি ব্রিগেড রেখে সব সেনা ক্যাম্প সরিয়ে নেওয়া হবে বলেও জানান তিনি। গতকাল ৮ মে রোববার রাজধানীর বেইলি রোডে দুই একর জমির ওপর পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণের ভিত্তিফলক উন্মোচন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)। **বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**ভোরের কাগজ, ইনকিলাব, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট, বাংলাদেশ টুডে** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২।　জঙ্গিবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান রাষ্ট্রপতির**

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের চেতনা ও মতাদর্শে অনুপ্রাণিত হয়ে দেশে জঙ্গিবাদ এবং সাম্প্রদায়িকতার বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার জন্য সবার প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি বলেন, দারিদ্র্য বিমোচন, গ্রামীন সমাজ, স্বাস্থ্য ও পরিবেশ সম্পর্কে রবীন্দ্রনাথের চিন্তা এখনো আমাদের অনুপ্রাণিত করে। কবিগুরু রবীন্দ্রনাথের **১৫৫**তম জন্মবার্ষিকী উপলক্ষে গতকাল ৮ মে রোববার সংস্কৃতি মন্ত্রণালয় আয়োজিত এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি এসব কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৩।　আগামী জুলাই মাস থেকেই নতুন ভ্যাট আইন কার্যকর করা হবে : অর্থমন্ত্রী**

আগামী জুলাই মাস থেকেই নতুন ভ্যাট আইন কার্যকর করা হবে বলে মন্তব্য করছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এজন্য বাজেট ঘোষণা পর্যন্ত অপেক্ষা করতে হবে। বাস্তবায়ন হতে যাওয়া নতুন আইনে ভ্যাটের হার **১৫** শতাংশ রাখার ঘোষণা রয়েছে। গতকাল ৮ মে রোববার অর্থমন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইয়ের একটি প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকের পর তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৫)। **ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৪।　বিশ্বব্যাংকের প্রকল্প সহায়তায় কারিগরি প্রশিক্ষণ পাবে সাড়ে ৪ লাখ শিক্ষার্থী**

বিশ্বব্যাংকের সহায়তায় দেশের সাড়ে চার লাখ দরিদ্র শিক্ষার্থীকে কারিগরি প্রশিক্ষণ দেবে কারিগরি শিক্ষা অধিদপ্তর। দক্ষতা এবং প্রশিক্ষণ বৃদ্ধি প্রকল্পের আওতায় আগামী তিন বছরে এ উদ্যোগ বাস্তবায়ন করা হবে। এতে ব্যয় ধরা হয়েছে প্রায় **১০** কোটি ডলার। বর্তমান বিনিময় হার অনুযায়ী ৭৮০ কোটি টাকা। গতকাল ৮ মে রোববার রাজধানীর সোনারগাঁও হোটেলে কারিগরি শিক্ষার মনোন্নয়ন ও সম্প্রসারণে বিশ্বব্যাংকের অতিরিক্ত **১০** কোটি ডলার প্রদান উপলক্ষে দিনব্যাপী এক কর্মশালার এ তথ্য জানানো হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫),
**প্রথম আলো** (পৃ.১৭,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৫।　সংসদ ও বিচার বিভাগ মুখোমুখি নয় : আইনমন্ত্রী**

সংসদ ও আদালত মুখোমুখি হয়ে পড়েছে বলে মনে করেন না আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, সংবিধানের ষোড়শ সংশোধনীকে হাইকোর্ট অবৈধ ঘোষণার পর সংসদ সদস্যদের বক্তব্যে আবেগের বহিঃপ্রকাশ হতে পারে। কারও কারও এসব কথায় হয়তো আঘাত লাগতে পারে কিন্তু তা আদালত অবমাননা নয়। গতকাল

৮ মে রোববার রাজধানীর বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে সাব-রেজিস্টারদের বিশেষ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন অনুষ্ঠান শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

**৬। বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করতে পাকিস্তানের প্রতি আহ্বান পররাষ্ট্র প্রতিমন্ত্রীর**

বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করতে পাকিস্তানের প্রতি আহ্বান জানিয়েছে বাংলাদেশ। গত ৫ মে বৃহস্পতিবার সুপ্রিমকোর্টের আপিল বিভাগে একাত্তরের মানবতাবিরোধী অপরাধের কারণে মৃত্যুদণ্ডাদেশ পাওয়া জামায়াত নেতা মতিউর রহমান নিজামীর রিভিউ আবেদন খারিজ হওয়ায় পর প্রতিক্রিয়া জানায় পাকিস্তান। বাংলাদেশ সরকারের পক্ষে পাকিস্তানের এই প্রতিক্রিয়ার জবাব দিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। গতকাল ৮ মে রোববার নিজ দপ্তরে তিনি সাংবাদিকদের বলেন, বাংলাদেশের নিজস্ব বিষয়ে নাক গলানো পাকিস্তানকে বন্ধ করতে হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.১,ক.২),
**ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। বিভ্রান্ত না হয়ে দুগ্ধজাত পণ্যসামগ্রী ক্রয়ে ক্রেতাদের সচেতন হওয়ার পরামর্শ পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রীর**

পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মসিউর রহমান রাঙ্গা বলেছেন, মিল্কভিটার তরল দুধের প্যাকেটের আকার-আকৃতি, রং ও লোগো নকল করে কিছু অসাধু ব্যবসায়ী ভেজাল দুধ উৎপাদন ও বিপণন করছে। ক্রেতাদের বিভ্রান্ত না হয়ে দুধ ও দুগ্ধজাত পণ্যসামগ্রী ক্রয়ের পরামর্শ দিয়েছেন প্রতিমন্ত্রী। গতকাল ৮ মে রোববার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য তুলে ধরেন প্রতিমন্ত্রী। এসময় মিল্কভিটার চেয়ারম্যান শেখ নাদির হোসেন লিপুসহ পরিচালনা পর্ষদের সদস্যরা উপস্থিত ছিলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.২)।

**৮। আগামী ২০ মে থেকে ২৩ জুলাই পর্যন্ত টানা ৬৫ দিন সমুদ্রে মাছ শিকার নিষিদ্ধ**

সমুদ্রে মৎস্য সংরক্ষণের লক্ষ্যে আগামী ২০ মে থেকে ২৩ জুলাই পর্যন্ত টানা ৬৫ দিন মৎস্য শিকার সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। কেউ নিষেধাজ্ঞা অমান্য করলে আইনি ব্যবস্থা নেয়া হবে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় থেকে এই তথ্য জানানো হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), ), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৯। ষোড়শ সংশোধনী অবৈধ ঘোষণার বিষয়ে হাইকোর্টের রায় স্থগিত চেয়ে আবেদন**

বিচারপতিদের অপসারণের ক্ষমতা সংসদের হাতে ফিরিয়ে নেওয়ায় বিষয়ে সংবিধানের ষোড়শ সংশোধনী অবৈধ, বাতিল ও সংবিধান পরিপন্থী ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায় স্থগিত চেয়ে আবেদন করেছে রাষ্ট্রপক্ষ। সুপ্রিম কোর্টের সংশ্লিষ্ট শাখায় রাষ্ট্রপক্ষের আইনজীবী গতকাল ৮ মে রোববার এ আবেদন করেন। এর আগে গত ৫ মে বৃহস্পতিবার বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী, বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি আশরাফুল কামালের সমন্বয়ে গঠিত হাইকোর্টের বিশেষ বেঞ্চ সংখ্যাগরিষ্ঠ মতের ভিত্তিতে ষোড়শ সংশোধনী অবৈধ ও সংবিধান পরিপন্থী বলে রায় দেন। সূত্র-**ভোরের কাগজ (পৃ.১,ক.১)**, ), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১)। **নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১০। মোবাইল সিম স্থায়ীভাবে বন্ধ হলে ব্যবহারকারীদের সিম নতুন করে কিনতে হবে**

৩১ মের মধ্যে আঙুলের ছাপ (বায়োমেট্রিক) পদ্ধতিতে সিম নিবন্ধন না করলে ১ জুন থেকে সংশ্লিষ্ট সিম স্থায়ীভাবে বন্ধ করে দেওয়া হবে। বন্ধ হয়ে যাওয়া সিমটি আবার চালু করতে হলে ব্যবহারকারীদের সেটি নতুন করে কিনতে হবে। সিম নিবন্ধনের অগ্রগতি সংক্রান্ত বৈঠকে এ সিদ্ধান্ত নিয়েছে টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন। গতকাল ৮ মে রোববার বিটিআরসি কার্যালয়ে বৈঠক হয়। বিটিআরসি সূত্রে জানা গেছে, ১ জুন থেকে যেসব অনিবন্ধিত সিম বন্ধ হয়ে যাবে সেগুলো নতুন করে কেনার ক্ষেত্রে আগের ব্যবহারকারী অগ্রাধিকার পাবেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার বিজনেস পাতা**

(পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, যায়যায়দিন,ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে :** সহিংসতাপূর্ণ ইউনিয়ন পরিষদ নির্বাচনে উদ্বেগ প্রকাশ করে নির্বাচনকালীন আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিশ্চিত করার জন্য নির্বাচন কমিশনকে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** রাজধানীসহ সারাদেশে কিশোর-তরুণদের জন্য খেলাধুলা ও সুস্থ বিনোদনের সুযোগ সম্প্রসারিত করার ওপর গুরুত্বরোপ।

গ. **সংবাদ :** রমজান মাসকে সামনে রেখে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বেড়েই চলেছে উল্লেখ করে দ্রব্যমূল্য কমাতে সংশ্লিষ্টদের সমন্বিত উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** বাংলাদেশ বিমানের জেনারেল সেলস এজেন্ট (জিএসএ) নিয়োগ নিয়ে সীমাহীন দুর্নীতির খবরে উদ্বেগ প্রকাশ করে দেশের বৃহত্তর স্বার্থে বিমান বাংলাদেশের ভেতর গড়ে ওঠা অসাধু সিন্ডিকেটের মূলোৎপাটন করা জরুরি বলে মত প্রকাশ।

ঙ. **নিউ নেশন :** দেশের পাবলিক কলেজগুলোতে শিক্ষক সংকট দূর করার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি স্টার, ডেইলি সান :** রাজশাহীতে আবারও একই কায়দায় শহিদুল্লাহ নামের কথিত পীর হত্যায় দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে গণতান্ত্রিক জবাবদিহিতা ও টেকসই উন্নয়নের জন্য গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিশুর বিকাশে চাই সৃজনশীল কর্মকাণ্ড'** শিরোনামের নিবন্ধে মাছুম বিল্লাহ সুস্থ সাংস্কৃতিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে শিশুদের জন্য সুন্দর পরিবেশ সৃষ্টি করে দেওয়া যায় তাহলে তাদের চিন্তা চেতনায় পরিবর্তন আসবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা